

চট্টগ্রামে মুক্তিযুদ্ধের বইমেলা সমাপ্ত

চট্টগ্রাম অফিস : চট্টগ্রামে ৫ দিনব্যাপী মুক্তিযুদ্ধের বইমেলা শেষ হয়েছে। চট্টগ্রাম একাডেমীর উদ্যোগে নগরীর এনায়েত বাজার মহিলা কলেজ গ্রাউন্ডে অনুষ্ঠিত এই

বই মেলায় সকল বয়সের বই প্রেমী, লেখক, বুদ্ধিজীবী, কবি, সাহিত্যিক ও সংস্কৃতিকর্মীদের লক্ষণীয় সমাবেশ ঘটে।

মহান স্বাধীনতা দিবসে মেলায় সমাপনী দিনে চট্টগ্রামে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রকাশনা শীর্ষক সেমিনারে প্রধান অতিথি-বক্তব্যে বাংলা একাডেমীর পরিচালক সাহিত্যিক সুরত বড়ুয়া বলেন, মুক্তিযুদ্ধের উত্তাল দিনগুলো আমাদের মনে থাকলেও নতুন প্রজন্ম বই পড়ে, চলচ্চিত্র দেখে, মুক্তিযোদ্ধাদের গল্প শুনে কিছু কিছু জানতে পারছে। তিনি বলেন, মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে গল্প, উপন্যাস, কবিতা, নাটক ইত্যাদি লেখা হলেও মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস খুব বেশি রচিত হয়নি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাহবুবুল হকের সভাপতিত্বে সেমিনারে মূল শ্রবক পাঠ করেন ডা. দিলীপ দে। আলোচনায় অংশ নেন ড. মাহমুজুর রহমান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ওবায়দুল করিম মল্লা, চট্টগ্রাম একাডেমির পরিচালক মুক্তিযোদ্ধা সিরাজুল হক।

বই মেলায় অন্যান্য দিনে কবিতা ও ছড়া উৎসব ছাড়াও বিভিন্ন বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। এই মেলায় রেকর্ড পরিমাণ বই বিক্রি হয়েছে বলে জানা যায়।